দৈনিক সংবাদ

তারিখ ... AUG. 09. 1999 ... ...
পৃষ্ঠা ... কলাম ...

জাবিতে মিছিল সমাবেশ

# সার্টিফিকেট ও ছাত্রত্ব বাতিলই ধর্ষকদের শাস্তি ঃ শিক্ষক সমিতি

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ৮ই আগস্ট।– জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবু সাঈদ খান বলেছেন, 'ধর্ষণকারীদের বিরুদ্ধে মামলা কোন সমাধান নয়, সার্টিফিকেট বাতিলই হচ্ছে ধর্ষণকারীদের শাস্তি।'

শিক্ষক সমিতি সাধারণ শিক্ষার্থীদের চলমান আন্দোলনের সাথে একাত্মতা প্রকাশ করে রোববার সকাল সাড়ে ১১টায় 'ধর্ষণ, খুন ও সন্ত্রাসবিরোধী মৌন মিছিল' বের করে। মিছিলশেষে কলাভবন চত্বরে আয়োজিত সংক্ষিপ্ত সমাবেশে সমিতির সভাপতি ধর্ষণ ও খুনের সাথে জড়িতদের ছাত্রত্ব ও সার্টিফিকেট বাতিলের দাবি সমর্থন করেন।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জানিয়েছেন, ধর্ষণের দায়ে শাস্তিপ্রাপ্তদের বিরুদ্ধে সাভার থানায় রোববার মামলা করা হয়েছে। তবে এ সম্পর্কে তিনি বিস্তারিত জানাননি।

সাধারণ ছাত্র ঐক্য ধর্ষণের দায়ে শাস্তিপ্রাপ্ত ও হত্যা মামলার আসামিদের ছাত্রত্ব ও সার্টিফিকেট বাতিলের দাবিতে রোববারও সকাল ১১টা থেকে বেলা ২টা পর্যন্ত প্রশাসনিক ভবন ঘেরাও করে রাখে। বেলা ২টায় সাধারণ ছাত্র ঐক্য নেত্রী সাবিনা শাহনাজ হ্যাপি আন্দোলন কর্মসূচি চালিয়ে যাওয়ার ঘোষণা দেন। ছাত্র ঐক্য আজ সোমবার বেলা ১২টায় সাংবাদিক সম্মেলনের মাধ্যমে নতুন কর্মসূচি ঘোষণা করবে।